**পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর**
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**

তারিখঃ ১২/০৭/২০২৬ ইং।

**-ঃ বিজ্ঞপ্তি ঃ-**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রের সম্মানিত শিক্ষকবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ আর্থিক সালে রাজস্ব ও উন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থের আওতায় যে সকল শিক্ষক বিদেশে উচ্চতর ডিগ্রী কোর্সে অধ্যয়ন এবং আন্তর্জাতিক সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শর্ট টার্ম ট্রেনিং কোর্স ইত্যাদিতে অংশগ্রহণের জন্য ইচ্ছুক কিংবা ইতোমধ্যে অংশগ্রহণ করেছেন তাঁদেরকে নির্ধারিত ফরম (সংশোধিত) এ আবেদনপত্র পূরণ করে আগামী ২০ নভেম্বর/২০২৬ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রের সভাপতি/পরিচালক এবং সংশ্লিষ্ট ডিন মহোদয়ের মাধ্যমে রেজিস্ট্রার বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনারই বিশ্বস্ত
স্বাক্ষরিত/-
পরিচালক (ভারপ্রাপ্ত)
পরিকল্পনা ও উন্নয়ন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**বি.দ্র.-** <u>আবেদন ফরমের পৃথক ২টি কপি (সংশোধিত) এতদ্‌সংযুক্ত করা হলো</u>

স্মারক নং- ১৪৭(৬৯)/পওউ/৭-২৪/২০২৬(পার্ট-২৬) তারিখ ঃ ১২/০৭/২০২৬ ইং।
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১-০৯। ডিন, ..................................................অনুষদ, চ.বি.।
১০-৬০। সভাপতি/পরিচালক, ............................................................ বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র, চ.বি.।
৬১। রেজিস্ট্রার, চ.বি.।
৬২। পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চ.বি.।
৬৩। পরিচালক, আইসিটি সেল, চ.বি.। সংযুক্ত ০২ সংশোধিত আবেদন ছক চ.বি. ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৬৪। হিসাব নিয়ামক, চ.বি.।
৬৫। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.।
৬৬। ডেপুটি রেজিস্ট্রার রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চ.বি.।
৬৭। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ.বি.।
৬৮। সহকারী রেজিস্ট্রার রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চ.বি.।
৬৯। বিজ্ঞপ্তি ফলক।

১২/০৭/২৬
পরিচালক (ভারপ্রাপ্ত)
পরিকল্পনা ও উন্নয়ন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Doc.\Aditional (N)

Annexure-II

# UNIVERSITY OF CHITTAGONG
## CHITTAGONG

## APPLICATION FOR STUDY GRANT

(This application form must be filled in by the teacher concerned and be submitted to the Convener, Deans' Committee, Chittagong University through the Chairman/Director of the Dept./Institute/ Research Center and the Dean of the Faculty concerned).

01. Name of the Applicant : ..........................................................................................
(In block letters)

02. (a) Father's/Husband's Name : ..........................................................................
Occupation ..........................................................................................................
Permanent Address: Vill ....................................P.O. ..................................................
P.S. ....................................Dist....................................................
(b) Mother's Name ..............................................................................................

03. (a) Permanent Address of Applicant :
Vill ..................................................................P.O. ..................................................
P.S. ..................................................................Dist....................................................

(a) Present Address of Applicant :
Vill ..................................................................P.O. ..................................................
P.S. ..................................................................Dist....................................................

04. Academic Career :

| Name of the examination | Year of passing of the examination | Name of Board/University from which passed the examination | Division/Class obtained |
|---|---|---|---|
| S.S.C. | | | |
| H.S.C. | | | |
| B.A/B.Sc./ B.Com/ B.S.S./ B.B.A. | | | |
| M.A./ M.Sc./ M.Com./ M.S.S./ M.B.A. | | | |
| Any other Degree(s) obtained | | | |

05. Date of Birth : ..........................................................................................................

06. (a) Date of Joining the University Service : ..........................................................................

(b) Name of the Dept./Institute : ..........................................................................................

(c) Name of the Post .......................................... Nature of Appointment .........................

07. Name of the Course(s) to be Studied with session (in details) :

08. Name of the Institution/University for enrolment with Name of the Country :

I do hereby declare that the informations stated above are true to the best of my knowledge, I shall abide by the decisions of the University Authority in this respect.

Dated ............................ Signature of the Applicant

09. Opinion of the Chairman/Director of the Concerned Dept./Institute/ Research Center :

Dated ............................

Signature of the Chairman/Director
(With seal) ......................................
Dept./Institute/ Research Center .....

10. Opinion of the Dean of the Concerned Faculty :

Dated ............................

Signature of the Dean
(With seal) ......................................
Faculty ..........................................

**NB : Attested copies of following necessary documents to be included :**

1. Copy of Letter of Invitation.
2. Copy of GO from the University Authority.
3. Declaration from the Organizing Institute/University regarding Stipend/ Scholarship/ Teaching Assistantship/ Research Assistantship etc. and about any sort of allowance/ financial or non-financial facilities.
4. Copy of Certificate against respective Course.
5. Copy of Air Ticket with Boarding Pass.

Annexure-I

# UNIVERSITY OF CHITTAGONG
## CHITTAGONG

## APPLICATION FOR GRANTS AGAINST PARTICIPATION IN THE INTERNATIONAL SEMINAR/CONFERENCE/WORK SHOP/SHORT TERM TRAINING PROGRAMME.

(This application form must be filled in by the teacher concerned and be submitted to the Convener, Deans' Committee, Chittagong University through the Chairman/Director of the Dept./Institute/ Research Center and the Dean of the Faculty concerned).

1. Name of the Applicant : ....................................................................................
   (In block letters)
2. Father's/Husband's Name : ....................................................................................
3. Mother's Name : ....................................................................................
4. Name of the Post : .......................................... Nature of Appointment : ..............................
5. Date of Joining in the University Service : ....................................................................................
6. Name of the Dept./Institute/ Research Center : ....................................................................................
7. Name of the Seminar/Conference/Work shop/Short term Training Programme to be Participated : .....
   ....................................................................................
   ....................................................................................
8. Name of the sponsoring Institution/Organization and Address with Country name : .................
   ....................................................................................
   ....................................................................................
9. Date of Programme from: .......................................... to ..........................................

I do hereby declare that the informations stated above are true to the best of my knowledge, I shall abide by the decisions of the University Authority in this respect.

Dated ...........................

Signature of the Applicant

10. Opinion of the Chairman/Director of the Concerned Dept./Institute/ Research Center :

Dated ...........................

Signature of the Chairman/Director
(With seal) .....................................
Dept./Institute/ Research Center .....

11. Opinion of the Dean of the Concerned Faculty :

Dated ...........................

Signature of the Dean
(With seal) .....................................
Faculty ..........................................

**NB : Attested copies of following necessary documents to be included :**

1. Copy of Letter of Invitation.
2. Copy of GO from the University authority.
3. Declaration from the Organizing Institution/University regarding not getting any sort of allowances/financial facilities.
4. Copy of Air Ticket with Boarding Pass.
5. Certificate of participation and paper presentation.
6. Copy of presented paper/abstract.

পরিশিষ্ট-ঘ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

উচ্চতর গবেষণা/প্রশিক্ষণ কর্মসূচীর বিপরীতে উন্নয়ন ও আবর্তক বাজেটে বরাদ্দকৃত অর্থের আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বিদেশে মাস্টার্স/এম.ফিল./পি এইচ.ডি. কোর্সে এবং আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের বিপরীতে অনুদান প্রদানের

-ঃ নীতিমালা ঃ-

ক) পর্যাপ্ত তহবিল থাকা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিদেশে মাস্টার্স/এম.ফিল./পি এইচ.ডি. কোর্সে অংশগ্রহনের <u>বিপরীতে অনুদান মঞ্জুরীর নিয়মাবলী ঃ</u>

১। অনুদান মঞ্জুরীর জন্য প্রতি আর্থিক সালে ০২ (দুই) বার ডিনস্ কমিটির সভা আহ্বান করা হবে।

২। সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দকে অর্থ বছরের প্রথমার্ধের আবেদন ৩০ নভেম্বরের মধ্যে এবং দ্বিতীয়ার্ধের আবেদন ৩১ শে মে এর মধ্যে নির্ধারিত ছকে সভাপতি/পরিচালক এবং সংশ্লিষ্ট ডিন এর মাধ্যমে রেজিস্ট্রার বরাবরে পাঠাতে হবে।

৩। আবেদনকারীকে বিদেশে অধ্যয়নের সংশ্লিষ্ট প্রমানকসহ অন্যান্য দলিল তথা Admission Offer, Award letter, G.O., উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে Funding Award, Financial Arrangement, Tution fee, Living Expenses, Transport খরচের উৎস, মূল Boarding Pass ইত্যাদি সংযুক্তি সহকারে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীর বয়স মাস্টার্স/এম.ফিল. কোর্সে অংশগ্রহনের জন্য অনুর্ধ ৪০ বছর এবং পি এইচ.ডি. কোর্সে অংশগ্রহনের জন্য অনুর্ধ ৫০ বছর হতে হবে।

৫। যারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোন প্রতিষ্ঠান হতে কোন আর্থিক সুবিধা পাবেন না অথবা আংশিক অনুদান পাবেন তাদেরকে অত্র খাত থেকে নিয়ম মোতাবেক অনুদান দেয়া হবে। আবেদনকারীকে এর সমর্থনে হলফনামা সংযুক্ত করতে হবে।

৬। যারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোন প্রতিষ্ঠান হতে পূর্ণ বৃত্তি অথবা রিসার্চ এসিস্টেন্টশীপ/টিচিং এসিস্টেন্টশীপ লাভ করবেন, তাদেরকে অত্র খাত থেকে কোন আর্থিক সুবিধা দেয়া হবে না। আবেদনকারী আয়োজক প্রতিষ্ঠান থেকে লিভিং এলাউন্স/মেইন্টন্যান্স এলাউন্স প্রাপ্য হলে তাঁকে সংশ্লিষ্ট খাতে বরাদ্দ দেয়া হবেনা।

৭। যারা ইতোমধ্যে ২য় মাস্টার্স/এম.ফিল./পি এইচ.ডি. কোর্স সম্পন্ন করেছেন তাদেরকে অত্র খাতের আওতায় দ্বিতীয়বার একই কোর্সের জন্য অত্র খাত হতে আর্থিক সুবিধা দেয়া হবে না। তবে, যাঁরা ইতোমধ্যে ১ম মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করেছেন তাঁদেরকে ২য় বার সুযোগ দেয়া হবে।

৮। সার্কভূক্ত দেশসমূহে ২য় মাস্টার্স ডিগ্রী কোর্সে অংশগ্রহনের জন্য অত্র কর্মসূচীর আওতায় কোন অনুদান দেয়া হবেনা।

৯। মনোনীত আবেদনকারীকে সংশ্লিষ্ট ডিগ্রী কোর্স সম্পন্ন করে ফিরে এসে বিশ্ববিদ্যালয়ের চাকুরীতে যোগদান করার ব্যাপারে ৩০০.০০ (তিনশত) টাকার -০২ কপি ননজুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের চাকুরীতে যোগদান না করলে অনুদানের অর্থ ফেরত প্রদানের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/নিকট আত্মীয় (ভাই-বোন, পিতা-মাতা)/আয়কর প্রদানকারী ব্যক্তিবর্গের মধ্য হতে যে কোন দু'জনের গ্যারান্টি পেশ করতে হবে।

১০। মনোনীত আবেদনকারীকে কোর্স শেষে কোর্স সমাপনের বিষয়ে সনদসহ রিপোর্ট পেশ করতে হবে। কোন কারণে কোর্স সমাপন করতে অপারগ হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে একটি ব্যাখ্যামূলক রিপোর্ট সংশ্লিষ্ট ডিনের মতামতসহ রেজিস্ট্রারের নিকট পেশ করতে হবে। উক্ত রিপোর্ট কর্তৃপক্ষের গ্রহনযোগ্য না হলে প্রদত্ত অর্থ প্রচলিত নিয়মানুযায়ী বিশ্ববিদ্যালয়কে ফেরত দিতে হবে।

১১। <u>নিম্নলিখিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী পয়েন্ট বন্টন করা হবে ঃ</u>

| | |
|---|---|
| (ক) এস.এস.সি. ও এইচ.এস.সি. দুটিতেই ১ম বিভাগ/CGPA-4.00 (5.00 এর স্কেলে) | - ৩.০০ |
| (খ) এস.এস.সি. ও এইচ.এস.সি. একটিতে প্রথম বিভাগ/CGPA-4.00 অন্যটিতে ২য় বিভাগ/ CGPA-3.00 (5.00 এর স্কেলে) | - ২.৫০ |
| (গ) এস.এস.সি. ও এইচ.এস.সি. দুটিতেই ২য় বিভাগ/CGPA-3.00 (5.00 এর স্কেলে) | - ২.০০ |
| (ঘ) দেশে অনার্স ও মাস্টার্স দুটিতেই ১ম শ্রেণী/CGPA-3.50 (4.00 এর স্কেলে). | - ৫.০০ |
| (ঙ) দেশে অনার্স ও মাস্টার্স একটিতে ১ম বিভাগ/CGPA-3.50 অন্যটিতে ২য় শ্রেণী/CGPA-3.00 (4.00 এর স্কেলে) | - ৪.০০ |
| (চ) দেশে অনার্স ও মাস্টার্স দুটিতেই ২য় শ্রেণী/CGPA-3.00 (4.00 এর স্কেলে) | - ৩.০০ |
| (ছ) বিদেশী ব্যাচেলর/সমমানের ডিগ্রীর বিপরীতে ১ম শ্রেণী/CGPA-3.50(4.00/সমমান স্কেলে) | - ৩.০০ |
| (জ) বিদেশী ব্যাচেলর/সমমানের ডিগ্রীর বিপরীতে ২য় শ্রেণী/CGPA-3.00 (4.00/সমমান স্কেলে). | - ২.০০ |
| (ঝ) বিদেশী মাস্টার্স ডিগ্রীর বিপরীতে ১ম শ্রেণী/CGPA-3.50 (4.00 এর স্কেলে) | - ৩.০০ |

ক্রমশঃ .....২

(ঞ) বিদেশী মাস্টার্স ডিগ্রীর বিপরীতে ২য় শ্রেণী/CGPA-3.00 (4.00 এর স্কেলে) - ২.৫০
(ট) এম.ফিল. ডিগ্রীর জন্য - ৪.০০
(ঠ) বিদেশে ২য় মাস্টার্স ডিগ্রীর জন্য - ৪.০০
(ড) প্রফেশনাল অনার্স/সমমান কোর্সের জন্য ১ম শ্রেণী/CGPA-3.50 (4.00 এর স্কেলে) - ৩.০০
(ঢ) প্রফেশনাল অনার্স/সমমান কোর্সের জন্য ২য় শ্রেণী/CGPA-3.00 (4.00 এর স্কেলে) - ২.০০
(ণ) প্রফেশনাল মাস্টার্স কোর্সের জন্য - ৩.০০
(ত) বিশ্ববিদ্যালয়ের প্রতি ০২ (দুই) বছর সক্রিয় চাকুরীর জন্য (বিনা বেতনে ছুটি ব্যতীত) - ১.০০
(থ) অনার্স কলেজ ও গবেষণা প্রতিষ্ঠানের প্রতি ০৪ (চার) বছর চাকুরীর জন্য (বিনা বেতনে ছুটি ব্যতীত)- ১.০০
(দ) বিদেশী স্বীকৃতমানের জার্ণালে/বুক চ্যাপ্টার প্রতিটি প্রকাশনার জন্য- - ২.০০
(ধ) দেশীয় স্বীকৃত মানের জার্ণালে/বুক চ্যাপ্টার প্রতিটি প্রকাশনার জন্য- - ১.০০
(ন) বিদেশী স্বীকৃতমানের প্রতিটি গ্রন্থ প্রকাশনার জন্য- - ৩.০০
(প) দেশীয় স্বীকৃতমানের প্রতিটি গ্রন্থ প্রকাশনার জন্য- - ২.০০

১২। যৌথ নামে প্রবন্ধ ও গ্রন্থ প্রকাশনার ক্ষেত্রে পয়েন্ট সমানভাবে ভাগ করা হবে।

১৩। বিদেশে মাস্টার্স/এম.ফিল./পি এইচ.ডি. কোর্সে অংশ গ্রহনের যাবতীয় খরচ উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ব্যয় নির্বাহের ব্যবস্থা (Financial Arrangement) আবেদনের সাথে পেশ করতে হবে।

১৪। বিদেশে উচ্চ শিক্ষার ক্ষেত্রে তুলনামূলক ব্যয় বৃদ্ধি পাওয়ায় তহবিলে অর্থ সংস্থান সাপেক্ষে কোর্সভেদে নিম্নোক্ত হারে অনুদান প্রদানের সুপারিশ করা হলো ঃ

(ক) মাস্টার্স- ১ বৎসর (থিসিস ব্যতীত) - সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা
(খ) মাস্টার্স- (থিসিসসহ)/ এম.ফিল - সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা
(গ) পি এইচ.ডি. - সর্বোচ্চ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা

১৫। বিদেশে মাস্টার্স/এম.ফিল./পি এইচ.ডি. কোর্স সম্পাদনের জন্য অনুদান প্রাপ্তির আবেদনসমূহ পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের পর ডিন্স কমিটি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে এবং পরবর্তীতে চূড়ান্ত অনুমোদনের জন্য উপাচার্য মহোদয়ের নিকট পেশ করতে হবে।

**খ) পর্যাপ্ত তহবিল থাকা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিদেশে আন্তর্জাতিক কন্‌ফারেন্স/ সেমিনার/ ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের জন্য অনুদান মঞ্জুরীর নিয়মাবলী ঃ**

১। আবেদনকারীকে সংশ্লিষ্ট আয়োজক প্রতিষ্ঠানের Offer/Invitation letter, Award letter (প্রযোজ্য ক্ষেত্রে), সেমিনার/কনফারেন্সে যে আর্টিকেল উপস্থাপন করা হবে তার এবস্ট্রাক্ট ও অন্যান্য কাগজপত্রের সত্যায়িত ফটোকপিসহ নির্ধারিত ফরমে আবেদন বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক/ গবেষণা কেন্দ্রের পরিচালক এবং সংশ্লিষ্ট ডিন এর মাধ্যমে রেজিস্ট্রার বরাবরে পেশ করতে হবে।

২। বিদেশে আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে একজন শিক্ষককে প্রতি আর্থিক সালে এক বারের বেশী এ খাত হতে অনুদান দেয়া হবেনা।

৩। আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের জন্য যৌথভাবে প্রণয়নকৃত প্রবন্ধ উপস্থাপনের ক্ষেত্রে শুধুমাত্র উপস্থাপনকারীকে নিয়ম মোতাবেক অনুদান দেয়া হবে। তবে, যৌথভাবে প্রবন্ধ উপস্থাপনকারী শিক্ষকবৃন্দকে অনুদানের টাকা সমভাবে বন্টন করা হবে।

৪। যারা সংশ্লিষ্ট আয়োজক প্রতিষ্ঠান হতে পূর্ণ আর্থিক সহায়তা পাবেন তাঁদেরকে অত্র খাত হতে কোন অনুদান দেয়া হবে না। তবে, আংশিক আর্থিক সহায়তাপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে উপস্থাপিত যথাযথ কাগজপত্র বিবেচনা করে ডিনস্ কমিটি আংশিক অনুদান মঞ্জুরীর বিষয় বিবেচনা করবেন।

৫। আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের যাবতীয় খরচ উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ব্যয় নির্বাহের ব্যবস্থা (Financial Arrangement) আবেদনের সাথে অবশ্যই পেশ করতে হবে।

৬। শুধুমাত্র সক্রিয় চাকুরীরত শিক্ষকবৃন্দ (বিদেশে Study Leave ভোগরত শিক্ষকবৃন্দ ব্যতীত) এ সমস্ত প্রোগ্রামে আর্থিক অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৭। আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ/ শর্ট টার্ম ট্রেনিং কোর্স ব্যতিত বিদেশে অন্যকোন কারণে কোন শিক্ষক আমন্ত্রিত হলে বা অন্যকোন প্রোগ্রামে অংশগ্রহণ করলে এ নীতিমালার আওতায় তিনি অনুদান পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

ক্রমশ .....৩

৮। বিদেশে Study Leave এ থাকাকালীন কোন শিক্ষক অন্য কোন Program এ অংশগ্রহণ করলে অনুদান পাওয়ার যোগ্য বিবেচিত হবেন না।

৯। বিদেশে আন্তর্জাতিক সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের জন্য তুলনামূলক ব্যয় বৃদ্ধি পাওয়ায় তহবিলে অর্থ সংস্থান সাপেক্ষে স্থানভেদে নিম্নোক্ত হারে অনুদান প্রদানের সুপারিশ করা হলো ঃ

(ক) আমেরিকা, কানাডা, দক্ষিণ আমেরিকার দেশসমূহ এবং দক্ষিণ আফ্রিকা -অনূর্ধ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা,

(খ) ইউরোপ, অস্ট্রেলিয়া ও আফ্রিকার অন্যান্য দেশসমূহের জন্য -অনূর্ধ ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা,

(গ) এশিয়ার দেশসমূহের ~~(মিয়ানমার ব্যতীত ও~~ (সার্ক বহির্ভূত দেশ) জন্য -অনূর্ধ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা,

(ঘ) দক্ষিণ এশিয়ার দেশসমূহের (সার্কভূক্ত দেশ~~সমূহ~~ এবং মিয়ানমারসহ) জন্য -অনূর্ধ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা,

(ঙ) ভারতের পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্ব রাজ্যসমূহের (আসাম, মেঘালয়, ত্রিপুরা) জন্য -অনূর্ধ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

১০। আন্তর্জাতিক কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ/শর্ট টার্ম ট্রেনিং কোর্সে অংশগ্রহনের জন্য অনুদান প্রাপ্তির আবেদনসমূহ পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের পর ডিন্স কমিটি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে এবং পরবর্তীতে চূড়ান্ত অনুমোদনের জন্য উপাচার্য মহোদয়ের নিকট পেশ করতে হবে।

<u>গঠিত কমিটির আহ্বায়ক/সদস্যবৃন্দের স্বাক্ষর</u> ঃ

প্রফেসর ড. মোহাম্মদ আল-আমীন
ডিন, বিজ্ঞান অনুষদ, চ.বি. ও
আহ্বায়ক, গঠিত কমিটি। -

প্রফেসর ড. মোঃ এনায়েত উল্যা পাটওয়ারী
ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ, চ.বি. ও
সদস্য, গঠিত কমিটি। -

প্রফেসর ড. মুহাম্মদ সানাউল্লাহ চৌধুরী
ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ, চ.বি. ও
সদস্য, গঠিত কমিটি। -

জনাব মোঃ আলতাফ-উল- আলম
পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, চ.বি. ও
সচিব, গঠিত কমিটি। -